

মেধাতালিকায় এগিয়ে থেকেও সুপারিশ না পাওয়ায় ক্ষুব্ধ প্রার্থীরা

নিজস্ব প্রতিবেদক

১৬ জুলাই ২০২৪, ১২:০০ এএম



মেধাক্রমে এগিয়ে থাকার পরও ৫ম গণবিজ্ঞপ্তিতে কোনো প্রতিষ্ঠানে সুপারিশ না পাওয়ার অভিযোগ তুলেছেন ১৫ চাকরিপ্রার্থী। বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) কাছে করা এক আবেদনে এই অভিযোগ তুলেছেন ফিন্যান্স বিষয়ে নিবন্ধন সনদ নেওয়া এসব চাকরিপ্রার্থী।

সম্প্রতি করা এই আবেদনে বলা হয়, ব্যাংকিং অ্যান্ড ইন্স্যুরেন্স বিষয়ে অনার্স-মাস্টার্স করে অনেকে ফিন্যান্স, ব্যাংকিং অ্যান্ড ইন্স্যুরেন্সে সুপারিশ পেয়েছেন। তাদের নম্বর ৬০-৬২।

এত কম নম্বর পেয়েও কীভাবে ১০ জন ফিন্যান্স, ব্যাংকিং অ্যান্ড ইন্স্যুরেন্স বিষয়ে সুপারিশ পেলেন তা অনুসন্ধান করা দরকার।

এনটিআরসিএ জানায়, প্রতিষ্ঠান প্রধানদের পাঠানো শূন্য পদের তথ্য এবং প্রার্থীদের আবেদনের ভিত্তিতে নিয়োগের প্রাথমিক সুপারিশ করা হয়েছে। অনেক প্রতিষ্ঠান প্রধান ফিন্যান্স, ব্যাংকিং অ্যান্ড ইন্স্যুরেন্স বিষয়ে চাহিদা দেওয়ায় শুধু ফিন্যান্স বিষয়ে

সুপারিশ করা হয়নি। ফিন্যান্স বিষয়ে সমস্যা হওয়া প্রার্থীদের নিয়ে বোর্ড সভায় চূড়ান্ত সিদ্ধান্ত হবে।

এনটিআরসিএর সচিব মো. ওবায়দুর রহমান বলেন, প্রতিষ্ঠান প্রধানদের শূন্য পদের চাহিদার ভিত্তিতে সুপারিশ করা হয়েছে। চাহিদার বাইরে সুপারিশ করলে অনেক সময় এমপিওভুক্তিতে সমস্যা হয়। ভুল হয়ে থাকলে বিষয়টি আমরা দেখব।

ভুক্তভোগীদের তথ্যমতে, ফিন্যান্সের বিষয় কোড ৪২৪। আর ব্যাংকিং অ্যান্ড ইন্স্যুরেন্সের সাবজেক্ট কোড ৪৪৮। এ দুটি বিষয় কনফাইন্ড করে মেধাতালিকা তৈরি করেছে এনটিআরসিএ। ৪৪৮ কোডের অর্থাৎ ব্যাংকিং অ্যান্ড ইন্স্যুরেন্স বিষয়ের সব নিবন্ধনধারীকে নিয়োগের সুপারিশ করা হলেও ফিন্যান্সের নিবন্ধনধারীদের নিয়োগের সুপারিশ করা হয়নি। অথচ ফিন্যান্সের সুপারিশবঞ্চিতদের অধিকাংশের মেধাক্রম ৬০০-৮০০-এর মধ্যে।